**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 14-04.2026** **Desk in Charge : Susmita M.**

**Time : 1.40 PM** **Edit. & Compile : Subhra C. / Nitish M.**

**DEO : KB** **NRT : Subhra C.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

-

## বিশেষ বিশেষ খবরঃ-

১) বিধানসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যে জমে উঠেছে প্রচারাভিযান। বিভিন্ন রাজনৈতিক দলের তারকা প্রচারকরা মিটিং মিছিল জনসভা ও রোড শো করছেন।

২/ রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন পেরোনোর পর এক হাজার ৪৪৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। **#**ইতমধ্যেই প্রথম দফা নির্বাচনের জন্য শুরু হয়েছে হোম ভোটিং।

৩/ আর্থিক তছরুপ মামালায় ধৃত তৃণমূল কংগ্রেসের নির্বাচনী পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের অন্যতম ডিরেক্টর বিনেশ চান্দেলের ১০ দিনের ইডি হেফাজত।

৪/ ভারতের সংবিধানের অন্যতম রূপকার ডক্টর B R আম্বেদকরের ১৩৬-তম জন্মদিবসে সমগ্র জাতি আজ কৃতজ্ঞ চিত্তে তাঁর স্মৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করছে।

৫/ চৈত্র সংক্রান্তিতে আজ বিভিন্ন জায়গায় বসেছে চরকের মেলা। #প্রস্তুতি চলছে বাংলা নববর্ষ আবাহনের।

৬/ IPL ক্রিকেটে চেন্নাইতে আজ কলকাতা নাইট রাইডার্স চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে।

*****************************************************************************

বিধানসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যের প্রচারাভিযান জমে উঠেছে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা মিটিং, মিছিল, জনসভা ও রোডশো করছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ 'মেরা বুথ সবসে মজবুত' কর্মসূচীর অধীনে রাজ্যের বিভিন্ন বুথের দলীয় কর্মীদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে কথা বলবেন। বিকেল চারটেয় 'নমো অ্যাপে'র মাধ্যমে প্রধানমন্ত্রী বুথ কর্মী হিসাবে নিজের অভিজ্ঞতার কথা ভাগ করে নেবেন। ভোটের মুখে তৃণমূল স্তরে সংগঠনকে চাঙ্গা করে তুলতে এই উদ্যোগ।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ পশ্চিমবঙ্গে একাধিক জনসভা করবেন। সকালে উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শো-এ অংশ নেবেন তিনি। পরে শ্রী শাহ দক্ষিণ দিনাজপুরের গোচিয়ার গঙ্গারামপুর ময়দানে জনসভায় অংশ নেবেন। দুপুর আড়াইটে নাগাদ মালদার মানিকচকে বিজেপি প্রার্থীর হয়ে জনসভায় বক্তব্য রাখবেন তিনি। পরে জেলারই গাজোলেও তাঁর একটি জনসভা করার কর্মসূচী রয়েছে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বেশ কয়েকটি জনসভায় অংশ নেবেন। পশ্চিম মেদিনাপুরের পিংলায় তৃণমূল কংগ্রেস সুপ্রিমো ভোটারদের এবারের ভোটের লাইনে জনগণকে দাঁড়ানোর আবেদন জানিয়ে বলেন, এটা সবরকম অধিকার রক্ষার লড়াই।

( বাইট- মমতা )

এরপর পূর্ব মেদিনীপুরের তমলুক এবং হাওড়ার জগত্ বল্লভপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন তিনি।

কংগ্রেস, বামফ্রন্ট এবং আই এস এফ সহ অন্য রাজনৈতিক দলের নেতা-নেত্রীরাও দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে যোগ দেবেন।

লোকসভায় বিরোধী দলনেতা কংগ্রেসের রাহুল গান্ধী আজ এরাজ্যে নির্বাচনী প্রচারে অংশ নিয়েছেন। উত্তর দিনাজপুরের রায়গঞ্জে আজ প্রথম জনসভায় তিনি বাবাসাহেব আম্বেদকরের জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, বিজেপি বিভিন্নভাবে সংবিধানকে অমান্য করে চলেছে। দেশ জুড়ে বেড়েছে হিংসা এবং বিচ্ছিন্নতা।

( বাইট- রাহুল )

এরপর তিনি মালদার চাঁচোল এবং মুর্শিদাবাদের সামশেরগঞ্জে তিনটি জনসভায় বক্তব্য রাখবেন তিনি।

বামফ্রন্টের বিভিন্ন প্রার্থীরা আজ লালবৈশাখী মিছিলে অংশ নিতে চলেছেন। সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম রানীগঞ্জ ও বাঁকুড়ায় এবং কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী পূর্বমেদিনীপুরে প্রচার সারবেন।

**********************

রাজ্যের বিধানসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে ১ হাজার চারশো ৪৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। গতকাল ছিল এই দফায় মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন। বিভিন্ন দলের ১৫ জন প্রার্থী তাঁদের মনোনয়ন প্রত্যাহারে করে নিয়েছেন। এর আগে গত ১০ তারিখ জমা পরা প্রার্থীপদ পরীক্ষা করে দেখার পর ১ হাজার ৪শো৬৩টি মনোনয়ন বৈধ বলে জানানো হয়।

উল্লেখ্য, দ্বিতীয় দফায় ১৪২ টি আসনে আগামী ২৯শে এপ্রিল ভোটগ্রহন।

এদিকে, প্রথম দফা নির্বাচনের জন্য ইতোমধ্যেই শুরু হয়েছে হোমভোটিং। ৮৫ উর্ধ্ব প্রবীণ এবং বিশেষভাবে সক্ষম নাগরিকদের বাড়িতেই বসেই ভোটদানের সুবিধা করে দিতে নির্বাচন কমিশনের এই উদ্যোগ।

দক্ষিণবঙ্গে পুরুলিয়া ও বাঁকুড়া জেলায় আজ থেকেই এই প্রক্রিয়া শুরু হচ্ছে। সকাল থেকেই ব্যালট বাক্স হাতে বাড়ি বাড়ি পৌঁছে যাচ্ছেন ভোটকর্মীরা।

**********************

জেলার নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে বর্ধমানে এসে পৌঁছেছেন নির্বাচন কমিশনের সিনিয়ার ডেপুটি কমিশনার জ্ঞানেশ ভারতী । বেচারহাটে ১৯ নম্বর জাতীয় সড়কের পাশে একটি হোটেলে জেলার নির্বাচনী পর্যবেক্ষক, জেলাশাসক, পুলিশ সুপার, কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসার সহ এই কাজে যুক্তদের সঙ্গে বৈঠক কর্রেন।

অন্যদিকে,ডেপুটি ইলেকশন কমিশনার পবন শর্মা, নদীয়ার কৃষ্ণনগরে জেলা নির্বাচন আধিকারিক সহ,পদস্থ কর্তাদের সঙ্গে মিলিত হয়েছেন।কিছুক্ষণ পর জেলার প্রশাসনিক ভবনের কনফারেন্স হলে নির্বাচন সংক্রান্ত একটি জরুরী বৈঠকে মিলিত হবেন বলে খবর।

**********************

আসন্ন বিধানসভা নির্বাচনে মুর্শিদাবাদের সমস্ত ভোটারকে ভোটদানে উৎসাহিত করতে দৌড় প্রতিযোগিতার আয়োজন করেছিল জেলা নির্বাচন বিভাগ। ভোটারদের পূর্ণাঙ্গ অংশগ্রহণ নিশ্চিত করতে এর আগে পাড়া মহল্লায় সচেতনতা, পথনাটিকা এমনকি নদী বক্ষে বাউল, আলকাপ, বোলান গানের আসর বসানোর পর এবার নবপ্রজন্মের ভোটারদের উদ্বুদ্ধ করতে এই পদক্ষেপ করা হয়েছে। মুর্শিদাবাদের ২২ টি বিধানসভা এলাকার তরুন প্রজন্মের ভোটারদের পাশাপাশি দৌড়ে অংশ নেন জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক সহ অন্যান্য পদস্থ আধিকারিক। বহরমপুর ষ্টেডিয়াম থেকে শুরু হয়ে ৫ কিমি পথ অতিক্রম করে পুনরায় সেখানেই এসে শেষ হয় দৌড়।

**********************

কলকাতার এন্টালি থানা এলাকার একটি ধাবাতে আজ সকালে বিজেপি প্রার্থী প্রিয়াঙ্কা টিবরেওয়ালের প্রচারে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। ফেস্টুন, ব্যানার ছেঁড়া সহ বিজেপি কর্মীদের মারধোরের অভিযোগ দায়ের হওয়ায়, ঘটনাস্থলে পৌঁছেছে পুলিশ।

এদিকে, গতরাতে বরানগরে বিজেপি প্রার্থী সজল ঘোষের সভার প্যান্ডেল খোলার সময় শাসক দলের লোকজন হামলা চালায় বলে অভিযোগ। চলে বচসা ও মারধোর'ও। এর বিরুদ্ধে থানার বাইরে বিজেপি কর্মীরা বিক্ষোভ দেখান।

অন্যদিকে, ভবানীপুরেও গতকাল বিজেপির পতাকা ব্যানার ফেস্টুন ছিঁড়ে ফেলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস কর্মীদের বিরুদ্ধে।

**********************

কয়লা পাচার কাণ্ডে তৃণমূল কংগ্রেসের নির্বাচনী পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের অন্যতম প্রতিষ্ঠাতা ও ডিরেক্টর বিনেশ চান্দেলকে গ্রেফতার করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট- ইডি। গতকাল সকালে দিল্লীর সদর দপ্তরে বিনেশকে তলব করা হয়। দীর্ঘ জিজ্ঞাসাবাদের পর তদন্তে অসহযোগিতার অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে তাকে। গতরাতেই বিনেশকে দিল্লীর রাউস অ্যাভিনিউয়ের আদালতে তোলা হলে আদালত ১০ দিনের ইডি হেফাজতের নির্দেশ দিয়েছে।

এদিকে, বিনেশের গ্রেপ্তারে তীব্র ক্ষোভ ব্যক্ত করেছে তৃণমূল কংগ্রেস। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এই গ্রেপ্তারি নিয়ে কেন্দ্রের সমালোচনা করে বলেন, ভোটের মুখে এধরনের ঘটনা নিরপেক্ষ নির্বাচনের পরিপন্থী।

অন্যদিকে, বিজেপির রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার স্পষ্ট জানিয়েছেন, তৃণমূল কংগ্রেসের সঙ্গে আইপ্যাকের দুর্নীতির যে যোগ রয়েছে, তা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের এই মন্তব্যে স্পষ্ট হয়ে উঠেছে।

( বাইট- দেবজিৎ )

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী এই প্রসঙ্গে বলেছেন, মমতা ব্যানার্জীর দলের লুঠের পয়সায় পশ্চিমবঙ্গে নির্বাচন করায়।

( বাইট- অধীর )

**********************

সারা দেশের মতো এরাজ্যেও আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে ভারতীয় সংবিধানের অন্যতম প্রধান রূপকার ডক্টর বাবা সাহেব ভিম রামজি আম্বেদকরের ১৩৬ তম জন্মদিন। এই উপলক্ষ্যে রাজ্য বিধানসভায় আজ তার মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান বিধানসভার সচিব, কর্মী ও আধিকারিকরা। অন্যদিকে, রাজ্য সচিবালয় নবান্নেও তার ছবিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়। রাজ্যে প্রদেশ কংগ্রেসের তরফ থেকে বাবা সাহেব আম্বেদকরের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। সমাজ মাধ্যমের এক পোস্টে, বাবা সাহেব আম্বেদকরের দেওয়া সংবিধান সাম্য, ন্যায়বিচার এবং অধিকারের এক শক্তিশালী ভিত্তি বলে উল্লেখ করে প্রদেশ কংগ্রেস।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী আমিত শাহ, আম্বেদকর জন্ম জয়ন্তী উপলক্ষে দেশবাসী কে শুভেচ্ছা জানিয়েছেন।

বাবা সাহেবের জন্মদিন উপলক্ষে কলকাতায় এক অনুষ্ঠানে অল ইন্ডিয়া শিডিউল কাস্ট ট্রাইবাল এন্ড ব্যাকওয়ার্ড ক্লাসেস কোঅর্ডিনেশন কাউন্সিলের সভাপতি অরুন কুমার হালদার বলেন, প্রতিবেশী দেশ গুলির তুলনায় ভারতীয় গণতন্ত্র এগিয়ে যাওয়ার মূল কারণ হল এই সংবিধান, যার ভিত্তি স্থাপন করেছিলেন বাবা সাহেব।

( বাইট- অরুণ কুমার হালদার )

**********************

চৈত্র সংক্রান্তিতে রাজ্য জুড়ে আজ মহাসমারহে চলছে চড়ক পুজো। বাংলা বছরের শেষ দিনে চৈত্র সংক্রান্তিতে পালিত হয় এই চড়ক উৎসব। চড়ক পুজো বাংলার এক প্রাচীন লোক উৎসব যা চৈত্র সংক্রান্তিতে দেবাদিদেব মহাদেবের আরাধনায় পালিত হয়ে থাকে। চড়ক পূজা উপলক্ষে তারকেশ্বর ধাম সহ গ্রাম বাংলার নানাস্থানে বসেছে গাজনের মেলা। অন্যদিকে, আগামীকাল নববর্ষ উৎযাপনের প্রস্তুতি উপলক্ষে গ্রাম থেকে শহর সর্বত্ত দেখা যাচ্ছে উৎসবের মেজাজ।

**********************

চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

এবারের, আইপিএলে এখনো জয়ের মুখ দেখেনি কেকেআর। চার ম্যাচ খেলে তিনটিতে হেরে ১ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার সবশেষে রয়েছে কলকাতা। সমসংখ্যক ম্যাচ খেলে একটিতে জিতে ২ পয়েন্ট নিয়ে নবম স্থানে রয়েছে চেন্নাই সুপার কিংস।

**********************

আজকের প্রসঙ্গের এবারের বিষয়- 'মহিলা ক্ষমতায়ন'। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য প্রফেসর শান্তা দত্তর সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

************************************************************************